# বুয়েটের নতুন উপ-উপাচার্য শরীফুল ইসলাম

নিজস্ব প্রতিবেদক
২৬ জুলাই ২০২৬, ১২:০০ এএম

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন উপ-উপাচার্য হিসেবে যোগদান করেছেন বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম। ২২ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ৪ বছরের জন্য তিনি বুয়েটের ৪র্থ উপ-উপাচার্য হিসেবে বর্তমান উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরীর স্থলাভিষিক্ত হবেন। ২৫ জুলাই তিনি দায়িত্বভার গ্রহণ করেন। কুমিল্লার কোটবাড়ী এলাকায় জন্ম নেওয়া শরীফুল ইসলাম ১৯৯৭ সালে বুয়েটের পুরকৌশল বিভাগ থেকে কৃতিত্বের সঙ্গে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন এবং একই বছর তিনি বুয়েটের প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। ২০১৩ সালে তিনি অধ্যাপক পদে উন্নীত হন।

২০০২ সালে তিনি জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ে দুই বছর পোস্টডক্টরাল গবেষণা সম্পন্ন করেন। বর্তমানে বুয়েটের রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের (রাইজ) পরিচালকের দায়িত্ব পালন করছেন। বিজ্ঞপ্তি